# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۢبِيَاء

আয়াতঃ ২১ : ৮৮

## আরবি মূল আয়াত:

فَاستَجَبنَا لَهٗ ۙ وَ نَجَّینٰهُ مِنَ الغَمِّ ؕ وَ كَذٰلِكَ نُ{x{0640\جِی المُؤمِنِینَ

﴿۸۸﴾

## অনুবাদসমূহ:

অতঃপর আমি তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং দুশ্চিন্তা থেকে তাকে উদ্ধার করেছিলাম। আর এভাবেই আমি মুমিনদেরকে উদ্ধার করে থাকি। — আল-বায়ান

আমি তখন তার ডাকে সাড়া দিয়েছিলাম, আর দুঃশ্চিন্তা থেকে তাকে মুক্ত করেছিলাম। মু’মিনদেরকে আমি এভাবেই উদ্ধার করি। — তাইসিরুল

তখন আমি তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং তাকে উদ্ধার করেছিলাম দুশ্চিন্তা হতে এবং এভাবেই আমি মু'মিনদেরকে উদ্ধার করে থাকি। — মুজিবুর রহমান

So We responded to him and saved him from the distress. And thus do We save the believers. — Sahih International

৮৮. তখন আমরা তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং তাকে দুশ্চিন্তা হতে উদ্ধার করেছিলাম, আর এভাবেই আমরা মুমিনদের উদ্ধার করে থাকি।(১)

(১) অর্থাৎ আমরা যেভাবে ইউনুস আলাইহিস সালাম-কে দুশ্চিন্তা ও সংকট থেকে উদ্ধার করেছি, তেমনিভাবে সব মুমিনকেও করে থাকি; যদি তারা সততা ও আন্তরিকতার সাথে আমার দিকে মনোনিবেশ করে এবং আমার কাছে আশ্রয় প্রার্থনা করে। [দেখুন, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৮৮) তখন আমি তার ডাকে সাড়া দিলাম এবং তাকে উদ্ধার করলাম দুশ্চিন্তা হতে এবং এভাবেই আমি মু’মিনদেরকে উদ্ধার করে থাকি।[1]

[1] আমি ইউনুস (আঃ)-এর দু’আ কবুল করেছিলাম এবং তাকে অন্ধকার ও মাছের পেট থেকে পরিত্রাণ দিয়েছিলাম। আর যে কোন মু’মিন বিপদাপদে ও দুঃখ-কষ্টে পড়ে আমাকে ডাকবে আমি তাকে পরিত্রাণ দেব। হাদীসেও এসেছে মহানবী (সাঃ) বলেছেন, “যে কোন মুসলিম এই দু’আ (লা ইলাহা ইল্লা আন্তা---)এর সাহায্যে

আল্লাহর নিকট কিছু চাইবে, আল্লাহ তা কবুল করবেন।

(তিরমিযী ৩৫০৫নং, আলবানী হাদীসটি সহীহ বলেছেন।)

তাফসীরে আহসানুল বায়ান

---

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2571

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন